

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৪৬

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

**সপরিকান্দি নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে টি ডি টিকাকরণ কর্মসূচি**

উনকোটি জেলার অন্তর্গত ইরানি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত টিলাগাঁও আলী আয়ুস্মান আরোগ্য মন্দিরের অধীন সপরিকান্দি নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে এবং সপরিকান্দি প্রাইভেট মাদ্রাসায় মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৭.০ এর অঙ্গ হিসাবে গত ৬ নভেম্বর ২০২৪ টি ডি টিকাকরণ অনুষ্ঠিত হয়। এই টিকাকরণ অনুষ্ঠানে টিলাগাঁও আলী আয়ুস্মান আরোগ্য মন্দিরের এমপিডব্লিউ মহম্মদ ফুল মিয়া ও কমিউনিটি হেলথ অফিসার পুষ্পিতা দেব ছাত্রছাত্রীদের টি ডি টিকাকরণ করেন। এদিন স্বাস্থ্যকর্মীরা ১০ বছরের মোট আট জনকে এবং ১৬ বছরের ২৭ জন ছাত্রছাত্রীকে টি ডি টিকাকরণ করান। পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা টি ডি টিকাকরণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। উক্ত অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ ও উপস্থিত ছিলেন। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*